



ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি  
মহিপাল, ফেনী।

“উন্নুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (OTM)”

০১। নিম্নের বর্ণনা অনুযায়ী পবিস তহবিলের আওতায় মালামাল/সেবা ফ্রয়ের জন্য ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/ সরবরাহকারীর নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	বিবরণ	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্রের নিরাপত্তা জামানত (টাকা)
প্যাকেজ নং-G-22.23.16.32 লট নং-G-22.23.16.32-001	অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরমঃ ৭০ জিএসএম অফসেট কাগজ, প্রতি প্যাকেটে ২০০০ শীট। উজয় পৃষ্ঠা মুদ্রিত ও পারপুশন ছিদ্রযুক্ত, প্রতিটি প্যাকেটের ন্যূনতম ওজন (প্যাকেট ব্যতীত) ৯.৩৩ কেজি, সাইজঃ পারপুশন সহ ১১"×৯.৫", পারপুশন ব্যতীত ১১"×৮.৫", বিইআরসি প্রনীত ০৪ শ্রেণির বিল ফরম্যাট	১৫০০.০০	১,১০,০০০.০০

০২। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে ফেনী পবিস এর সদর দপ্তর হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

০৩। আগ্রহী দরদাতাগণ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিলের মূল্য বাবদ উপরে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর/ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা হতে আগামী ১৬/০৫/২০২৩ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। আগামী ১৭/০৫/২০২৩ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে উক্ত দুইটি কার্যালয়ে সংরক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে পারবেন।

০৪। দরপত্র সমূহ ১৭/০৫/২০২৩ ইং তারিখ দুপুর ১২:০৫ ঘটিকার সময় ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। পিপিআর-২০০৮ ও পবিস নির্দেশিকা ৩০০-৩৬ অনুযায়ী দরপত্র কার্যক্রম পরিচালিত হবে।

০৬। সকল দরপত্র দলিলের খামের উপরে দরদাতার পূর্ণাঙ্গ ঠিকানা, প্যাকেজ নং স্পষ্ট করে লিখতে হবে।

০৭। প্রতিটি দরপত্রের সাথে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে জামানত বাবদ উপরে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।


০৮। সন্তোষজনকভাবে মালামাল বুঝিয়ে দেয়া/নেয়ার পর পবিস কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ দ্বারা Post delivery inspection সন্তোষজনক হলে দাখিলকৃত বিল হতে সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৯। দরপত্র দলিলে উল্লেখিত শর্তাবলী অত্র দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে।

১০। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে জেনারেল ম্যানেজার, ফেনী পবিস, মহিপাল, ফেনী-কে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১১। ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

“বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন  
এতে আপনার বিদ্যুৎ বিল কমে আসবে”

  
(হাওলাদার নাম: ফজলুর রহমান)  
জেনারেল ম্যানেজার (চ: দা:)  
টেলিফোন নং- ০২৩৩৪৪-৭২৩০০